



নিউগিনি হামলার মামলায় অবসরপ্রাপ্ত মেজর জেনারেল গ্রেপ্তার



ছবি: সংগৃহীত

ইসিবি চত্বরের নিউগিনি আবাসন প্রকল্পে হামলা ও ভাঙচুরের মামলায় অবসরপ্রাপ্ত মেজর জেনারেল গোলাম মহিউদ্দিন চৌধুরীকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)।

বুধবার (৩০ সেপ্টেম্বর) রাজধানীর সেগুনবাগিচা এলাকার একটি বাসা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। ডিবি জানিয়েছে, ২৭ সেপ্টেম্বর ক্যান্টনমেন্ট থানায় করা মামলায় তিনি ৪ নম্বর এজাহারভুক্ত আসামি।

নিউগিনি প্রপার্টিজের পরিচালক সাইফুল ইসলাম ভূঁইয়া বাদী হয়ে মামলাটি করেন। এতে ১৩ জনের নাম উল্লেখের পাশাপাশি অজ্ঞাতনামা আরও ১৫০ থেকে ২০০ জনকে আসামি করা হয়েছে।

মামলার অভিযোগে নিউগিনি আবাসন প্রকল্পের কার্যালয় এবং কনটেন্ট ক্রিয়েটর সালমান মুক্তাদিরের স্টুডিওতে হামলা, ভাঙচুর, লুটপাট ও গোলাগুলির কথা উল্লেখ রয়েছে।

মামলার নামীয় অন্য আসামিরা হলেন—শাহরিয়ার মাহমুদ, আবুল কাশেম, বাবুল হোসেন, মোহাম্মদ শাহিনুজ্জামান, মতিউর রহমান, মজিবুর রহমান, নুরুল ইসলাম, মিজানুর রহমান, এমকে আজাদ, মামুন, আসলাম ও মুন্না।